দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 1 JUL 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

## '৯৭-৯৮ অর্থবছরে 'শিক্ষার জন্য খাদ্য' বহাল

# ৭৪ লাখ ছাত্রছাত্রীকে সহায়তা প্রদানে ১২ লাখ ২৪ হাজার মেঃ টন গমের প্রয়োজন

**শাহনেওয়াজ**

সরকার চলতি '৯৭-৯৮ অর্থবছরে 'শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে। এই কর্মসূচীর জন্য মোট ১২ লাখ ২৪ হাজার মেট্রিক টন গমের প্রয়োজন হবে। আর গম কিনতে ১৩৮ কোটি ৭০ লাখ ২৪ হাজার টাকা লাগবে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, চলতি বছর দেশের ৪৬০টি থানার ৪৪৬৮টি ইউনিয়নে ৫৫ হাজার ৮৮০টি শিক্ষা প্রতিষ্ঠানকে এই কর্মসূচীর আওতায় আনা হবে। এতে ৭৪ লাখ ১২ হাজার ৯৫৯ জন দরিদ্র ছাত্রছাত্রীর ৬৪ লাখ ৯৩ হাজার ৭৫১টি দরিদ্র পরিবারকে খাদ্য সহায়তা দেয়া হবে।

সূত্রটি জানায়, দুস্থ বিধবা মহিলা পরিবার, দিনমজুর, অন্ত্যজন, পেশাজীবী—যেমন

(১১-এর পৃঃ দেখুন)

## ৭৪ লাখ ছাত্রছাত্রীকে

(প্রথম পাতার পর)

জেলে, কামার, কুমার তাঁতী, মুচি ইত্যাদি এবং ভূমিহীন, যে সব পরিবারের তাদের সন্তানদের স্কুলে পাঠানোর মতো আর্থিক সঙ্গতি নেই এই—ধরনের ৫৫ লাখ ৭৪ হাজার ৫৪৫টি দরিদ্র পরিবারের নির্বাচিত একজনকে মাসে ১৫ কেজি গম অথবা ১২ কেজি চাল দেয়া হবে। আর ৯ লাখ ১২ হাজার ২০৬টি পরিবারের নির্বাচিত একের অধিক ছাত্রছাত্রীকে মাসে ২০ কেজি গম অথবা ১৬ কেজি চাল দেয়া হবে। এতে সব মিলে '৯৭-৯৮ অর্থবছরে ১২ লাখ ২৪ হাজার মেঃ টন গম প্রয়োজন হবে।

সূত্রে জানা গেছে, কর্মসূচীভুক্ত সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এবং বাধ্যতামূলক শিক্ষা ওয়ার্ড কমিটি যৌথভাবে দরিদ্র ছাত্রছাত্রীদের তালিকা তৈরি করে পরিবারপ্রতি একটি করে কার্ড দেবে। কার্ডধারী পরিবারের ছাত্রছাত্রীদের স্কুলে মাসিক মোট কর্মদিবসের ৮৫ ভাগ হাজিরার ভিত্তিতে সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক খাদ্যের চাহিদা নিরূপণ করবেন। স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি, ইউপি চেয়ারম্যান ও এনজিও প্রতিনিধি খাদ্য বিতরণের দায়িত্বে থাকবেন।

উল্লেখ্য, ১৯৯২ সাল থেকে পর্যায়ক্রমে সারাদেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়। আর এই বছরেই পরীক্ষামূলকভাবে পশ্চাৎপদ ৪৬০টি ইউনিয়নকে নির্বাচিত করে 'শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী চালু করা হয়।

এই প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল প্রাথমিক স্কুলে গমনোপযোগী শিশুদের ভর্তির হার বৃদ্ধি করা, প্রাথমিক স্কুলে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের উপস্থিতির হার বাড়ানো ও ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ঝরে পড়ার প্রবণতা রোধ করা। কিন্তু অনেক ক্ষেত্রেই এই কর্মসূচী সফল হয়নি বলে সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে।